



নিউ ফ্যামিলি হোম ভিজিট ইনিশিয়েটিভ

আপনার গর্ভাবস্থার সময় এবং তার
পরেও উচ্চ-মানের সহায়তা!

পেরিন্যাটাল রেফারেল

সমন্বিত ইনটেক ও রেফারেল সিস্টেম (The Coordinated Intake and Referral System) হল একটি ওয়েব-ভিত্তিক টুল যা স্বাস্থ্য সেবা এবং সামাজিক পরিষেবা প্রদানকারীরা হবু এবং নতুন পিতামাতাদের হোম ভিজিটিং প্রোগ্রাম এবং কমিউনিটি পরিষেবাগুলিতে রেফার করতে ব্যবহার করতে পারে। পরিবারগুলি 347-396-7979 নম্বরে, সোমবার থেকে শূক্রবার, সকাল 9 টা থেকে বিকাল 5 টা পর্যন্ত সময়ের মধ্যে কল করে পরিষেবার জন্য নিজেদের উল্লেখ করতে পারে।



NFHV Initiative, স্থান্যপান করানো এবং ঘুমের সময় ছোট শিশুর নিরাপত্তার বিষয়ে আরো তথ্যের জন্য, nyc.gov/health/babyhelp-এ যান বা QR কোডটি স্ক্যান করুন।



নিউ ইয়র্ক সিটিতে পরিবার পরিষেবার বিষয়ে আরো তথ্যের জন্য, nyc.gov/health-এ যান এবং "pregnancy" (গর্ভাবস্থা) সার্চ করুন।



নিউ ফ্যামিলি হোম ভিজিট ইনিশিয়েটিভ (New Family Home Visits Initiative, NFHV) হবু এবং নতুন পিতামাতাদের জন্য বিনামূল্যে প্রশিক্ষিত স্বাস্থ্যকর্মীদের বাড়ি গিয়ে পরিদর্শনের সুবিধা প্রদান করে এবং তাদের কমিউনিটি সাপোর্ট, সার্ভিস এবং রেকর্ডালগুলির সাথেও যুক্ত করে।

সমস্ত NFHV Initiative প্রোগ্রামগুলি অভিবাসন স্থিতি, বয়স বা লিঙ্গ পরিচিতি নির্বিশেষে উপলব্ধ। যোগ্যতার অন্যান্য মানদণ্ড প্রোগ্রাম অনুযায়ী আলাদা।



গর্ভাবস্থা, সন্তানের জন্ম এবং প্রসবোত্তর সহায়তা

শহরব্যাপী ডুলা উদ্যোগ (Citywide Doula Initiative, CDI) প্রশিক্ষিত পেশাদারদের মাধ্যমে বিনা খরচে ডুলা পরিষেবা প্রদান করে যারা জন্মের আগে, প্রসব বেদনা ও প্রসবের সময় এবং জন্মের পর প্রথম কয়েক মাস গর্ভবতী ব্যক্তিদের এবং অভিভাবক পরিবারকে শিক্ষিত করে এবং সহায়তা করে।

নথীভুক্ত করতে, আপনাকে অবশ্যই:

- জাতিগত অন্তর্ভুক্তি এবং সমতা সম্পর্কিত টাস্কফোর্স (Taskforce on Racial Inclusion and Equity, TRIE) এলাকায় বা একটি নিউ ইয়র্ক সিটি শেল্টার বা ফস্টার হোমে বসবাস করতে হবে
- Medicaid বা মহিলা, ছোট শিশু এবং বাচ্চাদের (Women, Infants and Children, WIC) জন্য বিশেষ সম্পূরক পুষ্টি প্রোগ্রাম (Special Supplemental Nutrition Program) এর জন্য যোগ্য হতে হবে

নিউ ইয়র্ক সিটিতে CDI এবং অন্যান্য ডুলা পরিষেবা সম্পর্কে আরো জানতে, nyc.gov/health/cdi-এ যান বা কল করুন 844-653-6852 নম্বরে, সোমবার থেকে শূক্রবার, সকাল 9 টা থেকে বিকেল 5 টা।

প্রারম্ভিক প্রসব সম্পর্কিত এবং লালন-পালন সহায়তা

নিউ ইয়র্ক সিটি Nurse-Family Partnership (NFP) প্রথমবার গর্ভবতী হয়েছেন এমন পরিবারগুলিতে যাদের আয় কম, তাদেরকে বিনামূল্যে বাড়িতে নার্স পরিদর্শনের সুবিধা প্রদান করে।

যোগ্য পরিবারগুলি গর্ভাবস্থা, সন্তান লালন-পালন, এবং শিশুস্বাস্থ্য এবং বিকাশ নিয়ে আলোচনা করার জন্য একটি ব্যক্তিগত নার্সের সাথে নিয়মিত দেখা করে। তারা স্বাস্থ্য বিমা, মানসিক স্বাস্থ্য সেবা এবং শিক্ষা বা কাজের জন্য দক্ষতার মতো ব্যক্তিগত লক্ষ্য অর্জনের ক্ষেত্রেও সহায়তা পেতে পারে। প্রোগ্রামটি গর্ভাবস্থা চলাকালীন শুরু হয় এবং জন্মের পর দুই বছর পর্যন্ত চলতে পারে।

নিউ ইয়র্ক সিটি NFP নিউ ইয়র্ক সিটিতে যে কারো জন্য উপলব্ধ, যারা:

- তাদের প্রথম শিশুর দ্বারা 28 সপ্তাহের বেশি গর্ভবতী নয়
- Medicaid বা WIC-এর জন্য যোগ্য

আরো জানতে বা সাইন আপ করতে, আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে কথা বলুন, ইমেল করুন nycnfp@health.nyc.gov এ বা **311** নম্বরে কল করুন এবং **Nurse-Family Partnership**-এর জন্য বলুন।



লালন-পালন সম্পর্কিত এবং প্রসবোত্তর সহায়তা

নবজাতকের হোম ভিজিটিং প্রোগ্রাম (Newborn Home Visiting Program, NHVP) 3 মাস পর্যন্ত বয়সী একটি ছোট শিশু আছে এমন পরিবারগুলিকে কমিউনিটি স্বাস্থ্য কর্মী, নার্স, সমাজ কর্মী বা প্রত্যয়িত ল্যাক্টেশন কাউন্সেলরের সাথে সংযুক্ত করে সহায়তা করে। সহায়তার ক্ষেত্রগুলির মধ্যে রয়েছে শিশু বিকাশ, পিতৃত্ব বা মাতৃত্বের সাথে মানিয়ে চলা, স্তন্যপান করানো সহায়তা, শিশুদের খাট এবং অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র বিতরণ এবং স্বাস্থ্য শিক্ষা এবং স্ক্রীনিং।

NHVP উপলব্ধ এদের জন্য:

- 3 মাস পর্যন্ত বয়সী একটি শিশু আছে এমন প্রথমবারের জন্য হওয়া বাবা-মা যারা নির্দিষ্ট TRIE এলাকায় থাকেন
- সমস্ত পরিবার, তাদের কতগুলি শিশু আছে তা নির্বিশেষে, যাদের 3 মাস পর্যন্ত একটি শিশু রয়েছে এবং তারা একটি TRIE এলাকায় নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (New York City Housing Authority, NYCHA)-এর বাসিন্দা, Administration for Children's Services (শিশুদের পরিষেবাগুলির জন্য প্রশাসন) এর সাথে জড়িত বা Department of Homeless Services (গৃহহীন সেবা বিভাগ) শেল্টারে বসবাস করেন

TRIE পাড়ার তালিকা দেখতে এবং আপনি যোগ্য কিনা তা পরীক্ষা করতে, nyc.gov/health-এ যান এবং "newborn home visiting program" (সদ্যজাতদের জন্য হোম ভিজিটিং প্রোগ্রাম) সার্চ করুন।

